

ববি শিক্ষার্থীদের সংবাদ সম্মেলন

# সহিংস ঘটনার সঙ্গে কোটা আন্দোলনের সম্পৃক্ততা নেই

স্টাফ রিপোর্টার, বরিশাল

প্রকাশিত: ২১:১৯, ২৭ জুলাই ২০২৪



ববি শিক্ষার্থীদের সংবাদ সম্মেলন

দেশব্যাপী কোটা সংস্কারের দাবিতে ছাত্র আন্দোলনের সঙ্গে সমন্বয় রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ছাত্রছাত্রীদের আন্দোলনের সমন্বয়কারী সুজয় শুভ বলেছেন, সন্ত্রাস ও সহিংসতার সঙ্গে সাধারণ শিক্ষার্থীদের কোনো সম্পৃক্ততা নেই। এটাকে আমরা ঘৃণা করি।

শনিবার বিকেলে বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংবাদ সম্মেলনে সুজয় শুভ আরও বলেন, আমরা বরাবরই শান্তিপূর্ণ ও অহিংস আন্দোলন করে আসছিলাম। কিন্তু আন্দোলন চলাকালে দেশব্যাপী নানা অনাকাঙ্ক্ষিত ঘটনার পরিপ্রেক্ষিতে আমাদের অনেক ভাই-বোন নিহত ও আহত হয়েছে। কারও অসৎ উদ্দেশ্য সাধনের হাতিয়ার হিসেবে আমরা ব্যবহার হতে চাই না। এসময় শিক্ষার্থী মাহমুদুল আলম রাজিব, ভূমিকা সরকার, সিরাজুল ইসলামসহ অন্য নেতারা উপস্থিত ছিলেন।

সুজয় শুভ বলেন, আদালত কোটা সংস্কারের পক্ষে রায় দিয়েছেন। সরকারের নির্বাহী বিভাগ তা অনুসরণ করে প্রজ্ঞাপন জারি করেছে। নির্বাহী বিভাগ আমাদের কোটা সংস্কারের দাবির পরিপ্রেক্ষিতে যে সমাধান করেছে, আমরা তাতে মনে করি শিক্ষার্থীদের দাবির প্রতিফলন

ঘটেছে। তিনি বলেন, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় ও নানা বাস্তবতায় এই মুহূর্তে আমাদের কোনো কর্মসূচি নেই।

সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে সুজয় আরও বলেন, সারাদেশের শিক্ষার্থীদের দাবির পাশাপাশি আমাদের বিশ্ববিদ্যালয়ের প্রেক্ষাপটে কিছু দাবি রয়েছে। এগুলো হল- অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের হল খুলে দেওয়া, বিশ্ববিদ্যালয় সংলগ্ন এলাকায় সাধারণ জনগণকে কোনো ধরনের মামলা বা হয়রানি না করা, শিক্ষার্থীদের বর্তমান ও স্থায়ী ঠিকানায় আইনশৃঙ্খলা বাহিনী কর্তৃক কোনো ধরনের হয়রানি না করা। ছাত্র সংসদ নির্বাচন ও ক্যাম্পাস খোলার পর ক্যাম্পাসের নিরাপদ এবং গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত করা।

এবি